

## চাবির আরও তিনটি বিভাগে মাদ্রাসা শিক্ষার্থীদের ভর্তির সুযোগ বন্ধ হচ্ছে

ভর্তির ক্ষেত্রে ইংরেজির ওপর জোর দেয়া হচ্ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরও তিনটি বিভাগে মাদ্রাসা বোর্ড থেকে পাস করা শিক্ষার্থীদের ভর্তির সুযোগ বন্ধ হচ্ছে। এই তিন বিভাগের চেয়ারম্যানরা ইতোমধ্যে এ সংক্রান্ত নীতিমালা তৈরি করে ভিসি ও ডিন অফিসে জমা দিয়েছেন বলে সর্ভশ্রুত সূত্রে জানা গেছে। গত বছর গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে মাদ্রাসা শিক্ষার্থীদের ভর্তির সুযোগ বন্ধ করা হয়। নতুন আইনে যাদের উচ্চ মাধ্যমিকে ২০০ নম্বরের আবশ্যিক ইংরেজি ছিল শুধু তারা ই এসব বিভাগে ভর্তি হতে পারবেন। ফলে অন্য সব যোগ্যতা যাচাইয়ের আগেই বাদ পড়ে যাবেন মাদ্রাসা বোর্ড থেকে পাস করা শিক্ষার্থীরা। আন্তর্জাতিক সম্পর্ক, অর্থনীতি ও গ্রহণার বিজ্ঞান বিভাগের চেয়ারম্যানরা এ উদ্যোগ নিয়েছে বলে সর্ভশ্রুত সূত্র জানিয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এসএমএ ফায়েজ নতুন নীতিমালার কথা স্বীকার করে বলেন,

১২/৯/০৮

### চাবির আরও তিনটি বিভাগে মাদ্রাসা

১২-এর পৃষ্ঠার পর

আমি এ সংক্রান্ত একটি চিঠি পেয়েছি। তবে বিভাগীয় প্রধানদের সহায় আমি জাইব, যাতে কোনো ভর্তির সুযোগ বন্ধ না করে ভর্তি পরীক্ষার ইংরেজির ওপর জোর দেয়া হয়।

এমিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিবছরই মানবিক বিভাগ থেকে এইচএসসি পাসকৃতদের জন্য আসন কমানো হচ্ছে। বাড়ছেন হচ্ছে বিজ্ঞান ও কম্পিউটার থেকে পাসকৃতদের আসন। এবারও নতুন করে মানবিকের আসন কমানোর উদ্যোগ নেয়া হচ্ছে। এসব নতুন সিদ্ধান্তে বেশ কয়েকদিন ভিন প্রতিবাদ করলেও বিশ্ববিদ্যালয়ের কর্তব্যাক্রম কর্তৃপক্ষ ভর্তি করেন না বলে অভিযোগ পাওয়া গেছে। বিশ্ববিদ্যালয়ের দুই কর্তব্যাক্রম বিজ্ঞান অনুষদ এবং অন্যান্য বাণিজ্য অনুষদের ইংরেজি ব্যবহার ও উদ্যোগ নিয়ে বলে একাধিক বিভাগীয় চেয়ারম্যান অভিযোগ করেছেন। এ বিষয়ে কয়েক অনুষদের ভিন প্রফেসর ড. সন্দ্বল আমিন কেউও প্রকাশ করে বলেন, 'সাধারণ বিশ্ববিদ্যালয় ব্যতীত মানবিক বিভাগ থেকে পাসকৃতদের পড়ানোর জায়গা নেই। এ বিষয়টি তো সবারই জানা। এরপরও মানবিকের আসন কমানোর উদ্যোগ অবৈতিক।'

সূত্র জানায়, গত কয়েক বছর আগে ইংরেজি ও বাংলা বিভাগে ভর্তির জন্য এইচএসসি বা সমমানের পরীক্ষার পূর্ণ নম্বরের ইংরেজি ও বাংলা পড়ে আসার পরর্ত্বক্কে দিয়ে মাদ্রাসা থেকে পাস করা শিক্ষার্থীদের ভর্তির সুযোগ বন্ধ করা হয়। এরপর গত সেখানে একই উদ্দেশ্যে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগেও এইচএসসি ও সমমানের পরীক্ষার পূর্ণ নম্বরের ইংরেজি পড়ে আসার পরর্ত্বক্কে দেয়া হয়। এবার ভর্তি পরীক্ষার কার্যক্রম ওজর আগেই আন্তর্জাতিক সম্পর্ক, অর্থনীতি ও গ্রহণার বিজ্ঞান বিভাগের চেয়ারম্যানরা সংবেদনভাবে একই পর্ত্বক্কে দিয়ে অক্লিষ্ট জয়ান্ত নীতিমালা প্রণয়ন করে টিটি লিখেন তিন অফিসে, যা ভিসি অফিসেও পাঠানো হয়েছে। বিভাগ থেকে পাঠানো নীতিমালার উত্তর করা হয়েছে 'এই বিভাগে ভর্তির জন্য ভর্তিহুকমকে এইচএসসি বা সমমানের পরীক্ষার পূর্ণ নম্বরের ইংরেজি পড়তে হবে। ভর্তি পরীক্ষার ফল ভাল হলেই কলক না কেন, এ পর্ত্ব পূরণ না করলে এসব বিভাগে ভর্তি হতে পারবে না।' সামাজিক বিজ্ঞান অনুষদের ভিন প্রফেসর হাকিম অর রশিদ এ বিষয়ে বলেন, 'কয়েকটি বিভাগ থেকে এ ধরনের কথা শোনা গেছে। বিভাগগুলোকে সুনির্দিষ্ট নীতিমালা তৈরি করে তিন অফিসে পাঠাতে চলা হয়েছে।